# পঞ্চগড় পৌরসভা কার্যালয়

পঞ্চগড়।

স্মারক নং-পঞ্চঃপৌরঃ/২-৬৬৪/২০২৫-২০২৬/ ১৬২

তারিখ- ২৪/০৪/২০২৫ খ্রিঃ।

## ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য পঞ্চগড় পৌরসভা কর্তৃক পরিচালিত (১) কেন্দ্রিয় বাস টার্মিনাল, (২) কেন্দ্রিয় ট্রাক টার্মিনাল, (৩) পৌর এলাকায় (হাইওয়ে বাদে) চলাচলরত সকল সিএনজি, থ্রি-হুইলার, পাগলু, ব্যাটারী চালিত ইজিবাইক ও পিক-আপ ষ্ট্যান্ড/পার্কিং, (৪) ব্যাটারী চালিত রিক্সা ও ভ্যান-এর (মালিক/চালক ও গাড়ি) লাইসেন্স, (৫) গণ-সৌচাগার; এবং (৬) কসাইখানা ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পঞ্চগড় পৌরসভা কর্তৃক পরিচালিত (১) কেন্দ্রিয় বাস টার্মিনাল, (২) কেন্দ্রিয় ট্রাক টার্মিনাল, (৩) পৌর এলাকায় (হাইওয়ে বাদে) চলাচলরত সকল সিএনজি, থ্রি-হুইলার, পাগলু, ব্যাটারী চালিত ইজিবাইক ও পিক-আপ ষ্ট্যান্ড/পার্কিং, (৪) ব্যাটারী চালিত রিক্সা ও ভ্যান-এর (মালিক/চালক ও গাড়ি) লাইসেন্স, (৫) গণ-সৌচাগার; এবং (৬) কসাইখানা আগামী ২০২৫-২০২৬ অর্থ বৎসরের ১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা বন্দোবস্তের নিমিত্তে ইজারা গ্রহণে আগ্রহি/ ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### *" ইজারার বিবরণ"*

| ক্রমিক নং | ইজারা মহালের নাম | ধার্য্যকৃত মূল্য (সরকারি ধর্তব্য মূল্য) | সিডিউল মূল্য (অফেরৎযোগ্য) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | কেন্দ্রিয় বাস টার্মিনাল, পুরাতন পঞ্চগড়, পঞ্চগড় | ৮,৮১,৫৬৭/- | ৫,০০০/- |
| ০২. | কেন্দ্রিয় ট্রাক টার্মিনাল, তেলী পাড়া, পঞ্চগড় | ২০,৪২,২৬৭/- | ৭,০০০/- |
| ০৩. | পৌর এলাকায় (হাইওয়ে বাদে) চলাচলরত সকল সিএনজি, থ্রি-হুইলার, পাগলু, ব্যাটারী চালিত ইজিবাইক এবং পিক-আপ ষ্ট্যান্ড/পার্কিং | ৩৩,২৪,৮৬৭/- | ৮,০০০/- |
| ০৪. | পৌর এলাকায় চলাচলরত সকল ব্যাটারী চালিত রিক্সা ও ভ্যান-এর (মালিক/চালক ও গাড়ি) লাইসেন্স প্রদান | ৬,৪৩,৬৬৭/- | ৫,০০০/- |
| ০৫. | গণ-সৌচাগার (পঞ্চগড় বাজারস্থ) | ২,৬৭,৮২৭/- | ২,০০০/- |
| ০৬. | কসাইখানা (পুরাতন পঞ্চগড় করতোয়া নদী সংলগ্ন) | ৭৬,৫৬৭/- | ২,০০০/- |

### *" ইজারা দরপত্র বিক্রয় ও দাখিলের ক্যালেন্ডার (সময়সূচী) "*

| ক্রমিক নং/ পর্যায় নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ২৫/০৫/২০২৫ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৬/০৫/২০২৫ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৬/০৫/২০২৫ বেলা ১.৩০ ঘটিকা | উল্লিখিত তারিখ অনুযায়ী কাংখিত দর না পাওয়া গেলে অথবা দাখিলকৃত দর অনুমদিত না হলে পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যাহত থাকবে। তবে যে কোন বার দরপত্র গৃহিত/অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। |
| ২য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৫/০৬/২০২৫ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৬/০৬/২০২৫ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৬/০৬/২০২৫ বেলা ১.৩০ ঘটিকা | |
| ৩য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ২২/০৬/২০২৫ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৩/০৬/২০২৫ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৩/০৬/২০২৫ বেলা ১.৩০ ঘটিকা | |

## শর্তাবলী

০১। স্থানীয় সরকার (পৌরসভা) আইন,২০০৯ (২০০৯ সনের ৯৮নং আইন) মূলে জারীকৃত পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা ২০১৩ এর ৪২নং উপবিধি এবং পৌরসভা আদর্শ কর তফসিল,২০১৪ এর উপবিধি ৬ এর ১৭ নং ক্রমিক এবং উপবিধি ১২ মতে ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদ কালের জন্য ইজারা দেয়া হবে।

০২। ইজারা দরপত্র অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) নির্ধারিত মূল্যে অফেরৎযোগ্য (ক) জেলা প্রশাসক, পঞ্চগড় মহোদয়ের কার্যালয়, স্থানীয় সরকার শাখা এবং (খ) পঞ্চগড় পৌরসভার হিসাব শাখা হতে ইজারা দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।

০৩। সকল দরপত্র নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় এবং জেলা প্রশাসক, পঞ্চগড় মহোদয়ের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, পঞ্চগড়-এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন পৌরসভা কার্যালয়ে বেলা ১.৩০ ঘটিকায় উপস্থিত দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০৪। দরপত্রের সাথে দরপত্র দাতা *ইজারা মূল্যের (দেয় দরের) ১০০% (শতভাগ)* অর্থ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে প্রশাসক, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় এর অনুকুলে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার জমা দিতে হবে।

*চলমান পাতা- ২ দ্রঃ*

০৫। সর্বোচ্চ দরদাতার দর গৃহিত হওয়ার পর সমুদয় ইজারা মূল্য পরিশোধ পূর্বক দাখিলকৃত দরের উপর অবশ্যই *১৫% (শতকরা পনের ভাগ) হারে মূল্য সংযোজন কর* বাবদ অর্থ এবং *১০% (শতকরা দশ ভাগ) হারে অগ্রিম আয়কর* বাবদ অর্থ স্থানীয় সোনালী ব্যাংকে জমা দিয়ে ট্রেজারী চালানের মূল কপিসহ ০২ (দুই) কপি চালান অত্রাফিসে জমা দিতে হবে।

০৬। ইজারা গ্রহিতাকে ইজারা মূল্যের উপর ভ্যাট ও আয়কর পরিশোধ করে তফসিলভুক্ত ইজারা বুঝে নেবার পূর্বেই অবশ্যই *৩০০/- (তিনশত) মাত্র টাকা মূল্যে নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে* নিজ খরচে পৌরসভার সাথে লিখিত চুক্তিনামা সম্পাদন করতে হবে।

০৭। ইজারা গৃহিতাকে শুধুমাত্র কেন্দ্রীয় বাস/ট্রাক টার্মিনাল/ গণ-সৌচাগারের বিদ্যুৎ বিল নিয়মিতভাবে প্রতি মাসে পরিশোধ করতে হবে। এক্ষেত্রে টার্মিনালের বিদ্যুৎ বিল, জিনিস পত্র এবং পরিস্কার-পরিচ্ছন্নতার জন্য উদ্ধৃত দরের *১০% (শতকরা দশ ভাগ) অর্থ জামানত* হিসাবে ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করতে হবে। বিদ্যুৎ বিল বকেয়া থাকলে এবং টার্মিনালের কোন ক্ষতি সাধন করলে এবং নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্নতা না করলে তা উক্ত জামানত হতে ব্যয় করা হবে। এ ব্যাপারে ইজারাদার কোন প্রকার ওজর আপত্তি করতে পারবেন না।

*উল্লেখ্য যে, ইজারা মেয়াদ উত্তীর্ণের পর পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমের বিষয়ে পৌর কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে জামানতের অর্থ ফেরৎ প্রদান করা হবে। ইহা সিএনজি, থ্রি-হুইলার, পাগলু, ব্যাটারী চালিত ইজিবাইক, পিক-আপ ষ্ট্যান্ড/পার্কিং এবং ব্যাটারী চালিত রিক্সা ও ভ্যান-এর (মালিক/চালক ও গাড়ি) লাইসেন্স এর ক্ষেত্রে প্রযোজ্য নয়। আরো উল্লেখ থাকে যে, উক্ত অর্থ বছরে গণ-সৌচাগারটি মেরামত করা হলে বন্ধ থাকাকালীন সময় হারাহারিভাবে ইজারার অর্থ ফেরৎ প্রদান করা হবে।*

০৮। ইজারাদার কোনক্রমেই টার্মিনাল/গণ-সৌচাগার/কসাইখানা/ষ্ট্যান্ড/পার্কিং/মালিক লাইসেন্স সাব-লিজ দিতে পারবে না। এরুপ কোন অভিযোগ বা প্রমাণ পাওয়া গেলে অথবা ইজারা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল পূর্বক পুনঃরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও ইজারা মহালের নাম স্পষ্ট অক্ষরে লিখতে ও উল্লেখ করতে হবে।

১০। ইজারা মেয়াদ শেষ হওয়ার সংগে সংগে ইজারা গ্রহিতাকে পৌর কর্তৃপক্ষের নিকট তফসিলভুক্ত ইজারা হস্তান্তর করতে হবে এবং মেয়র, পঞ্চগড় পৌরসভাকে অবহিত করতে হবে।

১১। ইজারাদারকে ইজারা ব্যবসায়ী হিসাবে পৌরসভা হতে সাধারণ ব্যবসার ট্রেড-লাইসেন্স গ্রহণ করে দরপত্রে অংশগ্রহণ করতে হবে।

১২। ক) ইজারা গ্রহিতা টার্মিনালে বাস ও ট্রাক প্রতি *৫০/- (পঞ্চাশ)* টাকা হারে টোল/ফি আদায় করবেন।

খ) ইজারা গ্রহিতা ষ্ট্যান্ড/পার্কিং-এ সিএনজি, থ্রি-হুইলার, পাগলু, ব্যাটারী চালিত ইজিবাইক ও পিক-আপ *প্রতি ২০/- (বিশ)* টাকা হারে টোল/ফি আদায় করবেন। (স্ট্যান্ড সমূহ ঃ ১) জর্জ কোর্টের সামনে, ২) জালাসী সম্রাট হাস্কিং মিলের সামনে, ৩) পুরাতন পঞ্চগড় স্বদেশ সুপার শপের সামনে, ৪) মিলগেট বাজারের সামনে, ৫) পুরাতন পঞ্চগড় সেতারা পাম্পের সামনে, ৬) পঞ্চগড় গরুহাটি; এবং ৭) শেরে বাংলা পার্ক চত্বর)।

গ) ব্যাটারী চালিত রিক্সা ও ভ্যান-এর (মালিক/চালক ও গাড়ি) লাইসেন্স প্রদানের জন্য বাৎসরিক ফি ৭০০/- (সাতশত) টাকা।

ঘ) ইজারা গ্রহিতা গণ-সৌচাগারে প্রসাব প্রতিজন- ২/- (দুই) টাকা, পায়খানা- ৫/- (পাঁচ) টাকা হারে টোল/ফি আদায় করবেন।

ঙ) কসাইখানা ইজারার কেবলমাত্র পশু জবাইয়ের ক্ষেত্রে *টোল- গরু ও মহিষ প্রতিটি ৫০/- (পঞ্চাশ) টাকা এবং ছাগল ও ভেড়া প্রতিটি ২০/- (বিশ) টাকা* হারে আদায় করবেন।

১৩। ইজারাদার টার্মিনাল/গণ-সৌচাগার/কসাইখানার বৈদ্যুতিক সরঞ্জামাদি, আসবাবপত্র ও অন্যান্য জিনিসপত্র ইজারাদারকে ইনভেন্টারী তালিকার মাধ্যমে ইজারা বন্দোবস্ত গ্রহনের সময় বুঝিয়া নিতে হবে।

১৪। ইজারা মেয়াদের মধ্যে সরকার কর্তৃক বর্তমান বা প্রস্তাবিত রেইটে কোন সংশোধন বা পরিবর্তনের ব্যাপারে পৌরসভা হতে গৃহিত ব্যবস্থা বা ইজারাদারের মধ্যে আলোচনা সাপেক্ষে ইজারা ডাকমূল্য বর্ধনের ব্যবস্থা মেনে নিতে হবে। এক্ষেত্রে তার কোন প্রকার অজোর আপত্তি করা চলবে না।

১৫। ইজারা বন্দোবস্ত দেওয়ার পর কোন কারণ বশতঃ যদি ইজারা বাতিল হয়ে যায় বা সরকার কর্তৃক ইজারা পদ্ধতি বিলুপ্তি ঘোষনা করা হয় তবে দখলকৃত সময়ের আনুপাতিক হারিহারি সূত্রে ইজারা গ্রহণকারীকে ইজারার টাকা ফেরৎ প্রদান করা হবে। এই ক্ষেত্রে কোন প্রকার ওজর আপত্তি করা চলবে না।

১৬। ইজারাদার পৌরসভার অনুমতি ছাড়া টার্মিনাল/গণ-সৌচাগার/কসাইখানার চৌহদ্দির মধ্যে অস্থায়ী বা স্থায়ী কাঠামোর দোকান পাট স্থাপন করতে পারবে না। টার্মিনাল/কসাইখানার অভ্যন্তরের ভবন, সৌচাগার, কেবিন, দোকান ঘর ইত্যাদি ইজারার আওতাভুক্ত নয়। ইজারাদার এই সকল অবকাঠামো অধিকার ভোগ করতে পারবে না, শুধুমাত্র নির্ধারিত টোল আদায় করবে। পৌর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অস্থায়ীভাবে টোল ঘর স্থাপন করা যেতে পারে।

১৭। টার্মিনাল/কসাইখানা/ষ্ট্যান্ড/পার্কিং এবং মালিক লাইসেন্স এর ইজারাদার সংশ্লিষ্ট বছরের জন্য টোল আদায় রশিদ বহি যথাযথ ভাবে ছাপাবেন। ছাপানো রশিদ ব্যতিত কোন প্রকার টোল আদায় করা যাবে না। অতিরিক্ত টোল আদায় বা টোল আদায়ের ক্ষেত্রে কোন প্রকার অনিয়ম পরিলক্ষিত হলে পৌর কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

১৮। পৌর এলাকায় (হাইওয়ে বাদে) চলাচলরত সকল সিএনজি, থ্রি-হুইলার, পাগলু, ব্যাটারী চালিত সকল ইজিবাইক এবং পিক-আপ ষ্ট্যান্ড/পার্কিং হাইওয়েতে কোন প্রকার টোল আদায় করা যাবে না।

১৯। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করবেন এবং পৌর কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্ত কাউন্সিলর/ কর্মকর্তা যে কোন সময় পরিদর্শন করতে পারবেন।

*চলমান পাতা- ৩ দ্রঃ*

২০। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে পৌর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং উপরোক্ত শর্তে আইনগত বা সরকারি নির্দেশ মোতাবেক সংশোধন, বিয়োজন, পরিবর্ধন ও পরিবর্তন করা যেতে পারে।

২১। তাছাড়াও এতদ বিষয়ে সরকার কর্তৃক প্রণীত/ জারীকৃত বিধি বিধান প্রযোজ্য হবে এবং নিম্ন বর্ণিত কারণে ইজারা দরপত্র বাতিল বলে গণ্য হবে- (ক) যদি দরপত্র দাতা অতিরিক্ত কোন শর্ত আরোপ করেন। (খ) দরপত্র সংক্রান্ত নির্ধারিত সিডিউল ফরমে টেন্ডার মূল্য অংকে ও কথায় লেখা না থাকে। (গ) লেখা কাটাকাটি/ ঘঁষা-মাঁজা হলে একটানে কেটে অনুস্বাক্ষর দেওয়া না থাকে। (ঘ) যদি দরপত্রের সাথে সংযুক্ত ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার না থাকে বা জামানতের টাকা কম থাকে।

২২। উপরোক্ত যে কোন একটি শর্ত পালনে ব্যর্থ হলে ইজারা গ্রহিতার মেয়াদ উত্তীর্ণ হবার পূর্বে ইজারা বাতিলসহ সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

২৩। পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল দরপত্রের দর বাতিল কিংবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪। এ নোটিশ দরপত্র সিডিউলের অংশ হিসাবে গণ্য হবে।

(সীমা শারমিন)
প্রশাসক
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

স্মারক নং- পঞ্চঃপৌরঃ/২-৬৬৪/২০২৫-২০২৬/ ১৬২

তারিখ- ২৪/০৪/২০২৫ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। বিভাগীয় কমিশনার, রংপর বিভাগ, রংপুর।
০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৪। পুলিশ সুপার, পঞ্চগড়।
০৫। অধিনায়ক, ২৯ বীর, সৈয়দপুর সেনানিবাস, নীলফামারী।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পঞ্চগড়।
০৮-১৯। জনাব ........................................................................................ সহায়তা কমিটি (সকল), পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।
২০। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
২১। সহকারী কমিশনার (ভূমি), পঞ্চগড় সদর, পঞ্চগড়।
২২-২৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত/সড়ক ও জনপথ/ফ্যাসিলিটিজ/পানি উন্নয়ন বোর্ড, পঞ্চগড়।
২৭। অফিসার ইন-চার্জ, পঞ্চগড় সদর থানা, পঞ্চগড়।
২৮-৩০। নির্বাহী প্রকৌশলী/পৌর নির্বাহী কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।
৩১। ইউনিট কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, পঞ্চগড়।
৩২। সভাপতি/ সম্পাদক, চেম্বার অব কমার্স, পঞ্চগড়।
৩৩। সভাপতি/ সম্পাদক, পঞ্চগড় প্রেস ক্লাব, পঞ্চগড়।
৩৪। সভাপতি/ সম্পাদক, পঞ্চগড় জেলা বাস, মিনিবাস, কোচ মালিক সমিতি, রেজিঃ নং-৯৮৫, পঞ্চগড়।
৩৫। সভাপতি/ সম্পাদক, পঞ্চগড় বণিক সমিতি, পঞ্চগড়।
৩৬। সভাপতি/ সম্পাদক, জেলা মটর পরিবহন শ্রমিক ইউনিয়ন-২৬৪, পঞ্চগড়।
৩৭। সভাপতি/ সম্পাদক, জেলা বাস-মিনিবাস, কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়ন-১৬৬০, পঞ্চগড়।
৩৮। সভাপতি/ সম্পাদক, জেলা ট্রাক, ট্যাংকলরী ও কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়ন-২০০০, পঞ্চগড়।
৩৯। সভাপতি/ সম্পাদক, অগ্রদূত বহুমূখী সমবায় ব্যবসায়ী সমিতি, পঞ্চগড়।
৪০। সভাপতি/ সম্পাদক, অগ্রগামী বহুমূখী সমবায় ব্যবসায়ী সমিতি, জালাসী, পঞ্চগড়।
৪১। সভাপতি/ সম্পাদক, ইজিবাইক/থ্রি-হুইলার/পিক-আপ শ্রমিক ইউনিয়ন, পঞ্চগড়।
৪২। সভাপতি/ সম্পাদক, ব্যাটারী চালিত রিক্সা ও ভ্যান শ্রমিক ইউনিয়ন, পঞ্চগড়।
৪৩-৪৭। জনাব ..............................................................................., ইজারাদার, ........................................... পঞ্চগড়।
৪৮। প্রধান সহকারী, পঞ্চগড় পৌরসভা, তাকে অত্র বিজ্ঞপ্তিখানা মাইকযোগে সমগ্র পৌর এলাকার প্রচারের আদেশ প্রদান করা হলো।
৪৯। জনাব .........................................................................................................................................
৫০। নোটিশ বোর্ড/ অফিস নথি অত্র দপ্তর।

(সীমা শারমিন)
প্রশাসক
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।